



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১০ ফেব্রুয়ারি ২০১৭

### প্রেস বিজ্ঞপ্তি

## মধ্যরাতে ইউপিডিএফ নেতার বাড়িতে সেনা হামলা: সেবা খাতে উত্তোলিত গণচাঁদা ছিনতাই

গতকাল বৃহস্পতিবার (৯ ফেব্রুয়ারি) দিবাগত রাত ১টার সময় সেনাবাহিনীর একটি দল খাগড়াছড়ি সদরের পেরাছড়াছ জামতলীতে ইউপিডিএফ নেতা প্রদীপন খীসার বাড়িতে হানা দিয়ে তল্লাশির নামে জিনিসপত্র এলোপাথারি ছড়িয়ে তছনছ ও ভাঙচুর করেছে। আলুটিলায় ট্রাকের চাপায় নিহতদের পরিবার ও আহতদের সহায়তাসহ বিভিন্ন সময় সেবামূলক খাতে প্রদানের লক্ষ্যে সংগৃহীত আশি লক্ষাধিক টাকাও সেনা দলটি ছিনতাই করে নিয়ে গেছে।

উক্ত ঘটনায় ইউপিডিএফের খাগড়াছড়ি জেলায় ভারপ্রাপ্ত হিসেবে কর্মরত প্রদীপন খীসা ক্ষুব্ধ প্রতিক্রিয়া ব্যক্ত করে বলেন, ‘লক্ষ্মীছড়িতে ইংরেজি নববর্ষের শুরুতে নির্বাচিত উপজেলা চেয়ারম্যান সুপার জ্যোতি চাকমা’কে সরকারি বাসভবনে মধ্যরাতে দরজা ভেঙে অস্ত্র গুলি দিয়ে গ্রেফতার-মারধরের ফলো-আপ হচ্ছে জামতলীতে আমার বাড়িতে হামলা। আমার বাড়িতে অস্ত্র খুঁজে পেলে অবাক হবার থাকত না, এমন কাণ্ডই তো তারা ঘটাবে! উজ্জ্বল স্মৃতি চাকমাকেও তো মিটিঙ থেকে ধরে নিয়ে মারধর করে, অস্ত্র গুলি দিয়ে জেলে দিয়েছিল।’

পার্বত্য চট্টগ্রামের বর্তমান পরিস্থিতির ভয়াবহতার দিকে ইঙ্গিত করে তিনি বলেন, ‘এর মধ্য দিয়ে আবারো দিবালোকের মত স্পষ্ট হলো যে, বর্তমানে পার্বত্য চট্টগ্রামে কেউ আর নিরাপদ নই। নির্বাচিত জনপ্রতিনিধি উপজেলা চেয়ারম্যান যদি সরকারি বাসভবনে নিরাপদে ঘুমোতে না পারেন, তাহলে সাধারণ মানুষের অবস্থা সহজেই অনুমেয়। যে কেউ যখন তখন লাঞ্ছিত অপদস্থ হতে পারে। সরকার আমাদের জাতীয়তার স্বীকৃতি দেয় না। আসলে আমাদের নাগরিক হিসেবে গণ্য করে না। সে কারণে এভাবে বর্বরোচিত দমন-পীড়ন চলছে।’

‘দেশে এখন ফ্যাসিবাদী শাসন চলছে। পাহাড়ে ইউপিডিএফই প্রধান টার্গেট’-- মন্তব্য করে প্রদীপন খীসা আরো বলেন, ‘সরকারের দমন-পীড়ন আশি দশকের জ্বালাও-পোড়াও পরিস্থিতি সৃষ্টি করেছে। বিশেষ করে সেনাবাহিনীর মধ্যকার জঙ্গী সম্পৃক্ত পাকিস্তানপন্থী একটি কয়েমী স্বার্থবাদী চক্র ভীষণ তৎপর। নিজেদের অপকর্ম আড়াল করে হীন স্বার্থ চরিতার্থ করতে তারা নানা ষড়যন্ত্র ও অপপ্রচার চালাচ্ছে।’

‘দমন-পীড়নের পরিণাম কখনই ভাল হয় না’ বলে তিনি সরকারকে সতর্ক করে দেন। খাগড়াছড়ির নারাঙহিয়াছ পার্টি হাউজ থেকে ছিনতাইকৃত হিল উইমেন্স ফেডারেশনের অর্থ, সংগঠনের মালামাল এবং জামতলীর বাসায় গচ্ছিত গণচাঁদা ফিরিয়ে দেয়ার জন্য ইউপিডিএফ নেতা সরকারের নিকট আহ্বান জানান।

উল্লেখ্য যে, অসুস্থ আত্মীয়কে দেখতে যাওয়ার কারণে বাড়িতে সেনা হামলার সময় প্রদীপন খীসা ছিলেন না।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।